



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল

স্মারক নং- বশিবো/কলেজ/অনু/২০১৬/৩১৮২


তারিখ: ১০/০৫/২০১৬খ্রি.

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত সতর্কীকরণ বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল-এর আওতাধীন সকল কলেজের অধ্যক্ষ মহোদয়ের অবগতির জন্য ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির সময় কিছু প্রতিষ্ঠান শিক্ষার্থীর অভ্যন্তরে তাদের ভর্তি কার্যক্রম সম্পন্ন করেছে। যা অনেক শিক্ষার্থীর শিক্ষা জীবন বিঘ্নিত করেছে। এ ধরনের অনভিপ্রেত ঘটনার জন্য কিছু শিক্ষা প্রতিষ্ঠানের ভর্তি অনুমতি বাতিল করা হয়েছিল। ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির সময় যদি কারো বিরুদ্ধে এ রকম অভিযোগ পাওয়া যায় তাহলে কোন রকম কারণ দর্শানো ব্যতিরেকেই ঐ প্রতিষ্ঠানের সকল রকমের পাঠদানের অনুমতি এবং অন্যান্য কার্যক্রম তাৎক্ষণিক বাতিল করা হবে।

২। কোন শিক্ষার্থীর মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ছাড়া যদি কোন শিক্ষা প্রতিষ্ঠান ভর্তি নিশ্চয়ন করে তাহলে ঐ শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে সকল রকমের পাঠদানের অনুমতি এবং স্বীকৃতি কোন রকম কারণ দর্শানো ছাড়াই বাতিল করা হবে।

৩। কোন উচ্চমাধ্যমিক বিদ্যালয় যদি কোন শিক্ষার্থীর মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট নির্ধারিত তারিখের মধ্যে ফেরত না দেয় অথবা জোরপূর্বক আটকিয়ে রাখে তাহলে তাদের সকল রকমের পাঠদানের অনুমতি এবং স্বীকৃতি কোন রকম কারণ দর্শানো ছাড়াই বাতিল করা হবে।


১০.০৫.২০১৬

ড. মো: লিয়াকত হোসেন ৯৫১১
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল

অধ্যক্ষ

অত্র বোর্ডের আওতাধীন কলেজসমূহ

অনুলিপি:

- ২। সচিব, শিক্ষামন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা
- ৪। পরিচালক, ব্যানবেইস, পলাশী-নীলক্ষেত, ঢাকা
- ৫। সংরক্ষণ নথি